মেহেরপুর জেলা আওয়ামী লীগের বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত

প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনাকে হত্যার হুমকি ও কুটুক্তি করে মন্তব্য করার প্রতিবাদে সারা দেশের ন্যায় মেহেরপুরে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে মেহেরপুর জেলা আওয়ামী লীগ।

শনিবার বিকালে জেলা আওয়ামী লীগের সহ সভাপতি অ্যাড. মিয়াজান আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত বিক্ষোভ সমাবেশে বক্তব্য রাখেন, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, মেহেরপুর ২ আসনের সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন, জেলা আওয়ামী জেলা আওয়ামী লীগের সহ সভাপতি অ্যাড. ইয়ারুল ইসলাম, সাবেক সহ সভাপতি সিরাজুল ইসলাম, জেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক অ্যাড. ইব্রাহিম শাহীন, পৌর আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক আক্কাচ আলী, জেলা যুবলীগের সাবেক সভাপতি সাজ্জাদুল আনাম।

এসময় জেলা আওয়ামী লীগের দপ্তর সম্পাদক মোখলেচুর রহমান, পিপি অ্যাড.পল্লব ভট্টাচার্য, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক,জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি আব্দুর রাজ্জাক, সাফুয়ান আহমেদ রুপক, জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাধনসহ আওয়ামী লীগের অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

এর আগে জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি অ্যাড. মিয়াজান আলীর নেতৃত্বে জেলা শিল্পকলা একাডেমী সামনে থেকে একটি বিক্ষোভ মিছিল শুরু হয়ে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে পৌর কমিউনিটি সেন্টারে গিয়ে শেষ হয়।

প্রধানমন্ত্রীকে হত্যার হুমকির প্রতিবাদে কার্পাসডাঙ্গায় বিক্ষোভ

আওয়ামী লীগের সভাপতি ও বঙ্গবন্ধুকন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে নিয়ে কটূক্তি ও হত্যার হুমকির প্রতিবাদে দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে আওয়ামী লীগ, যুবলীগ ও ছাত্রলীগসহ অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা।

শনিবার বিকাল ৪ টায় কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসেবে সারা দেশের ন্যায় বিক্ষোভ মিছিলটি কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদ কার্যালয়ের সামনে থেকে বিশাল এক বিক্ষোভ মিছিল শুরু হয়ে বাজারের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে হাজী মার্কেট বাজার পয়েন্টে গিয়ে এক প্রতিবাদ সভায় মিলিত হয়।

কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস এর সভাপতিত্বে ও কার্পাসডাঙ্গা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজির আহমেদ এর পরিচালনায়, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কুড়ুলগাছি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি হাবিবুল্লাহ বাহার, সাধারণ সম্পাদক সরোয়ার হোসেন, বিশিষ্ট ব্যবসায়ী মালেক মিয়া, কুড়ুলগাছি ইউপি চেয়ারম্যান কামাল উদ্দীন, কার্পাসডাঙ্গা ইউনিয়ন আওয়ামী লীগের সহ-সভাপতি জাহিদুর রহমান মুকুল, যুগ্ম সম্পাদক আব্দুস সালাম বিশ্বাস, কার্পাসডাঙ্গা ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক মোস্তাফিজ রহমান কচি, যুগ্ম সম্পাদক শরীফ রতন, প্রচার ও প্রকাশনা বিষয়ক সম্পাদক মেহেদী হাসান মিলন, কুড়ুলগাছি ইউনিয়ন যুবলীগের সভাপতি দেলোয়ার হোসেন বিপু, কার্পাসডাঙ্গা ইউনিয়ন ছাত্রলীগের সাধারণ সম্পাদক সানাউল কবির শিরিন প্রমুখ।

সমাবেশে বক্তরা প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে হত্যার হুমকির তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে বলেন, বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা যখন সব বাধা উপেক্ষা করে দেশের উন্নয়ন করছেন, ঠিক তখনই স্বাধীনতাববিরোধী শক্তি আবারও সে উন্নয়ন থামিয়ে দেওয়ার জন্য উঠে পড়ে লেগেছে। গুজব ছড়িয়ে জনগণকে বিভ্রান্ত করার অপচেষ্টা করছেন

তারা। কিন্তু তাদের এ অপচেষ্টা আওয়ামী লীগ কখনই সফল হতে দেবে না।

এ সময় তারা আরও বলেন, এখন থেকে আগামী জাতীয় নির্বাচন পর্যন্ত আওয়ামী লীগ মাঠে থাকবে এবং কাউকে কোনো ছাড় দেওয়া হবে না। প্রধানমন্ত্রীর পাশে থেকে ঐক্যবদ্ধ হয়ে সব অপশক্তি মোকাবিলা করা হবে।

দর্শনায় আওয়ামী লীগের প্রতিবাদ সভা ও বিক্ষোভ মিছিল

বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতি ও মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনাকে নিয়ে বিএনপি, যুবদল ও মহিলা দলের কটুক্তি এবং হত্যার হুমকির প্রতিবাদে দর্শনা পৌর আওয়ামী লীগ, যুবলীগ এবং ছাত্রলীগসহ অন্যান্য অঙ্গ সংগঠনের উদ্যোগে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়েছে।

বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় ঘোষিত কর্মসৃচী অংশ হিসাবে সারাদেশের ন্যায় শনিবার বিকালে দর্শনা পৌর আওয়ামীলীগের কার্যলয়ে দর্শনা পৌর আওয়ামীলীগ, যুবলীগ ও ছাত্রলীগ আয়োজিত প্রতিবাদ সমাবেশে ও বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়। দর্শনা পৌর আওয়ামী লীগের সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন, দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারন সম্পাদক আলী মুনছুর বাবু।

তিনি বলেন, স্বাধীনতা বিরোধী ষড়যন্ত্র কারীরা যতই শক্তিশালী হোক মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে তা প্রতিহত করা হবে। যেখানে বিএনপি, জামাত অরাজকতার অপচেষ্টা করবে সাথে, সাথে প্রতিহত করার জন্য প্রস্তুত থাকতে হবে।

অন্যন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, দর্শনা পৌর, আওয়ামী লীগের সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী, ৫ নং ওয়ার্ড সহ-সভাপতি শফিকুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক বিল্লাল হোসেন, আওয়ামী লীগ নেতা সোলায়মান কবির, জয়নাল আবেদীন নফর।

দর্শনা নাগরিক কমিটির সদস্য সচিব গোলাম ফারুক আরিফের সঞ্চালনায় আরও উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আঃ হান্নান ছোট, সহ সম্পাদক আ. মান্নান খান, দর্শনা পৌর যুবলীগের সাধারন সম্পাদক শেখ আসলাম আলী তোতা, কেরুজ শ্রমিক ইউনিয়নের সভাপতি ফিরোজ আহম্মেদ সবুজ, সাধরন সম্পাদক মাসুদুর রহমান মাসুদ, দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সভাপতি আরিফ মল্লিক, দর্শনা পৌর ছাত্রলীগের সভাপতি রফিকুল ইসলাম ববি, দর্শনা কলেজ ছাত্রলীগের সভাপতি নাহিদ পারভেজ, প্রমুখ।

সমাবেশ শেষে দর্শনা পৌর আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলী মুনছুর বাবুর নেতৃত্বে দর্শনা পৌর আওয়ামী লীগের দলীয় কার্যালয় থেকে একটি বিক্ষোভ মিছিল বের হয়। মিছিলটি দর্শনা পুরাতন বাজারসহ প্রধান প্রধান সড়ক বিক্ষোভ মিছিল করেন।

আলমডাঙ্গায় বিদ্যুৎস্পৃষ্টে যুবকের মৃত্যু

আলমডাঙ্গা উপজেলায় ব্যাটারি চালিত ইজিবাইকের চার্জার খোলার সময় পলাশ উদ্দিন (২৭) নামে এক যুবকের মৃত্যু হয়েছে। গতকাল শনিবার সকালে উপজেলার জগন্নাথপুর গ্রামে এঘটনা ঘটে। নিহত পলাশ উদ্দিন ওই গ্রামের ফিরোজ উদ্দিনের ছেলে।

স্থানীয়রা জানায়, নিজ বাড়িতে বৈদ্যুতিক চার্জে থাকা ইজিবাইক থেকে চার্জার খুলতে গেলে অসাবধানতা-বসত বিদ্যুৎস্পৃষ্ট হয় পলাশ উদ্দিন। তাকে উদ্ধার করে আলমডাঙ্গা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেয়ার পথে তার মৃত্যু হয়।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, ইজিবাইক থেকে চার্জার খোলার সময় বিদ্যুৎস্পৃষ্ট হয় পলাশ। পরে হাসপাতালে নেয়ার পথে তার মৃত্যু হয়। কোন অভিযোগ না থাকায় অবেদনের পেক্ষিতে সুরতহাল প্রতিবেদন শেষে মরদেহ দাফনের অনুমতি দেয়া হয়েছে।

শিক্ষা ও সম্পদে এগিয়ে রিটন, মামলায় মতু

আগামী ১৫ জুন মেহেরপুর পৌরসভা নির্বাচন। এই নির্বাচনে মেয়র পদে লড়ছেন ২ জন প্রার্থী। এর মধ্যে আওয়ামী লীগ প্রার্থী মাহফজুর রহমান রিটন নৌকা প্রতিক নিয়ে নির্বাচনী প্রচারনা চালিয়ে যাচ্ছেন। তিনি সদ্য বিদায়ী মেয়র।

অপরজন স্বতন্ত্র প্রার্থী মোতাচ্ছিম বিল্লাহ মতু নারিকেল গাছ প্রতিক নিয়ে প্রচারণা চালিয়ে যাচ্ছেন। তিনি দীর্ঘ ২৩ বছর ধরে চেয়ারম্যান ও মেয়র হিসেবে দায়িত্ব পালন করেছেন। প্রতীক বরাদ্দের পর নির্বাচনী প্রচার শুরু হয়েছে। এদিকে নির্বাচন উপলক্ষে প্রার্থীরা রিটার্নিং অফিসারের কাছে হলফনামা জমা দিয়েছেন।

হলফনামা ঘেঁটে দেখা গেছে, দুজন প্রার্থীদের মধ্যে শিক্ষা ও সম্পদে এগিয়ে রয়েছেন মাহফুজুর রহমান রিটন, আর মামলায় এগিয়ে রয়েছেন মোতাচ্ছিম বিল্লাহ মতু।

মাহফুজুর রহমান রিটন:
নৌকার প্রার্থী মাহফুজুর রহমান রিটন সদ্য বিদায়ী মেয়র এবং জেলা যুবলীগের আহবায়ক। তরুণ রাজনীতিবিদ। বিএসএস পাস। একটি গাড়ি আছে। ২টি ৫তলা ভবনের মালিক। এর মধ্যে একটি যৌথ মালিকানা। ৫ভরি স্বর্ণ নিজের নামে। স্ত্রীর নামে স্বর্ণ আছে ৪০ ভরি। নিজের নামে জমি আছে ৬শতক। যৌথ মালিকানায় জমি আছে ৯ শতক। স্ত্রীর নামে জমি আছে এক একর ২২ শতক। ব্যাংকে আছে ৪৫ হাজার টাকা। নগদ রয়েছে দেড় লাখ টাকা। একটি প্রাইভেট কার আছে। রয়েছে বাসায় ব্যবহার করা আসবাবপত্র ও ইলেকট্রনিক সামগ্রী। ব্যাংকে ঋণ রয়েছে ২কোটি টাকা ৮লাখ টাকা। একটি মামলা ছিলো, তা থেকে অব্যাহতি পেয়েছেন।

মোতাচ্ছিম বিল্লাহ মতু :
স্বতন্ত্র প্রার্থী। গত নির্বাচনে ৩য় হয়েছিলেন। এর আগে ২৩ বছর ধরে চেয়ারম্যান ও মেয়র হিসেবে দায়িত্ব পালন করেছেন। তিনি এসএসসি পাস এবং নগদ তিন লাখ টাকার মালিক। ব্যাংকে রয়েছে এক হাজার টাকা। স্ত্রীর নগদ টাকা রয়েছে ৫০ হাজার এবং ব্যাংকে রয়েছে ১৩ লাখ টাকা।

নিজের কোন স্বর্ণ না থাকলেও স্ত্রীর রয়েছে ২০ ভরি স্বর্ণ। নিজের নামে কোন জমি না থাকলেও স্ত্রীর নামে রয়েছে কৃষি জমি পৌনে ২ বিঘা, অকৃষি জমি ১৪ শতক এবং ৩ তলা বাড়ি। ব্যাংকে ঋণ রয়েছে ২২ লাখ টাকা।

তাঁর বিরুদ্ধে ১৮টি মামলা। এর মধ্যে ২টিতে অব্যাহতি, ৩টিতে খালাস পেয়েছেন। বাকি ১৩টি মামলা উচ্চ আদালত স্থগিতাদেশ দিয়েছেন। তাঁর বাৎসরিক আয় ১লাখ ২০ হাজার টাকা। বিভিন্ন খাত থেকে তাঁর পরিবারের সদস্যদের বাৎসরিক আয় প্রায় ৬৪ লাখ টাকা। তিনি একটি ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারের একাংশের মালিক।

মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ

হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনাকে প্রকাশ্যে হত্যার হুমকি ও দেশব্যাপী বিএনপির নৈরাজ্য ষড়যন্ত্রের প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ করেছে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগ।

শনিবার বিকেলে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের আয়োজনে, উপজেলার কেদারগঞ্জ বাজারের চার রাস্তার মোড় থেকে উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতার নেতৃত্বে এ বিক্ষোভ মিছিলটি মুজিবনগর মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণ থেকে শুরু হয়ে বাজারের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে ফারুক লাইব্রেরীর সামনে এসে শেষ হয়।

সেখানে উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতার সভাপতিত্বে প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়। বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক প্রফেসর আবুল কালাম আজাদ, দারিয়াপুর ইউনিয়নের সভাপতি

মোস্তাকিন হক খোকন, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও (সাবেক) জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আয়ুব হোসেন, বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মজিবুর রহমান মধু, সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, মুজিবনগর উপজেলা যুবলীগের সভাপতি কামরুল হাসান চান্দু, উপজেলা যুব মহিলা লীগের সভাপতি তসলিমা খাতুন, সাধারণ সম্পাদক তহমিনা খাতুন, যুবলীগ নেতা হাসানুজ্জামান লালটু, বাগোয়ান ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক ইউপি সদস্য বাবুল মল্লিক, উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সহ সভাপতি মতিউর রহমান মতিন, উপজেলা শ্রমিক লীগের সভাপতি ইউপি সদস্য আবুল কালাম, উপজেলা তাঁতীলীগের আহ্বায়ক আব্দুল খালেক, উপজেলা তাঁতিলীগের (সাবেক) আহ্বায়ক প্রবীর, উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক শেখ সাকিব, মেহেরপুর জেলা পরিষদের সাবেক সদস্য শিলু ও শাহিন উদ্দিন শাহীন সহ উপজেলা আওয়ামী লীগ, যুবলীগ, যুব মহিলা লীগ, স্বেচ্ছাসেবক লীগ, তাঁতী লীগ, ছাত্রলীগের নেতা ও কর্মী বৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের আমঝুপিতে দুটি মোটরসাইকেলের সংঘর্ষে যুবক নিহত, অপরজন আহত

মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের আমঝুপি ও দীনদ্বত্ত ব্রীজের মাঝে দুই মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে আব্দুর রহমান (২৭) নামের যুবক নিহত।

আহত হয়েছেন গাংনী উপজেলার হিন্দা গ্রামের সাইফ আব্দুল্লাহ (২৭)। সে ওই গ্রামের মিজানরুর হমানের ছেলে। আহত সাইফ আব্দুল্লাহকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেছে চিকিৎসক।

আজ সন্ধ্যা সাড়ে ৬টার দিকে এ দুর্ঘটনা ঘটে। এ ঘটনায় দুটি মোটরসাইকেল ভেঙ্গে দুমড়ে মুচড়ে গেছে।

নিহত আব্দুর রহমান মেহেরপুর শহরের কাশ্যপপাড়া সাদেক মোল্লার ছেলে। তিনি আউটসোর্সিয়ের কাজের সাথে জড়িত ছিলেন।

স্থানীয়রা জানান, আব্দুর রহমান তার বন্ধুকে নিয়ে আসতে মেহেরপুর থেকে চুয়াডাঙ্গা যাচ্ছিল। অপরদিক থেকে আহত সাইফ আব্দুল্লাহ চুয়াডাঙ্গা থেকে মেহেরপুর আসছিলো। পথিমধ্যে আমঝুপি বিএডিসি ফার্মের কাছে পৌছালে দুটি মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষ হয়। মোটরসাইকেল দুটিই দুমড়ে মুচড়ে যায়।

স্থানীয়রা আহতদের উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক আব্দুর রহমানকে মৃত ঘোষণা করেন। এছাড়া গুরতর অবস্থা হওয়ায় সাইফ আব্দুল্লাহকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন।

স্থানীয়রা আরো জানান, আমঝুপি থেকে দীনদত্ত ব্রীজ পর্যন্ত প্রায় এক কিলোমিটর রাস্তাটি বিকেলের দিকে কিশোর গ্যাঙের দখলে থাকে। বিকালের দিকে কিশোর গ্যাঙের সদস্যরা মোটরসাইকেল নিয়ে রেসে মেতে ওঠে। ফলে সা¤প্রতিক সময়ে এই এলাকায় সড়ক দুর্ঘটনা বেড়ে গেছে। ওই এলাকাটি ক্রমশই দুর্ঘটনা কবলিত এলাকাতে পরিণত হচ্ছে। এ বিষয়ে প্রশাসনকে নজর দেওয়ার দাবি জানিয়েছেন স্থানীয়রা।

মেহেরপুর সদর থানার উপপরিদর্শক (এসআই) সুপ্রভাত জানান, হতাহতদের উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিলে একজন মৃতু ও অপরজনকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন চিকিৎসক। পরিবারের পক্ষ থেকে কোনো অভিযোগ না থাকায় নিহতের মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

হরিণাকুণ্ডুতে আওয়ামী লীগের বিক্ষোভ

বঙ্গবন্ধু কন্যা, আওয়ামী লীগের সভানেত্রী প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে হত্যার হুমকির প্রতিবাদে সারাদেশের ন্যায় ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে আওয়ামী লীগ।

শনিবার বিকেলে উপজেলা আওয়ামী লীগের আয়োজনে একটি বিক্ষোভ মিছিল বের হয়। এতে নেতৃত্ব দেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি মশিউর রহমান

জোয়ার্দার ও সাধারণ সম্পাদক রবিউল ইসলাম।

মিছিলটি শহরের বিভিন্ন এলাকা প্রদক্ষিণ শেষে উপজেলা দোয়েল চত্তর মোড়ে সমাবেশে মিলিত হয়। এতে সভাপতিত্ব করেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি মশিউর রহমান জোয়ার্দার।

সাধারণ সম্পাদক রবিউল ইসলামের পরিচালনায় এ সময় সহ-সভাপতি সাজেদুল ইসলাম টানু মল্লিক, অ্যাড. বজলুর রহমান, যুগ্ম সম্পাদক অধ্যক্ষ শরিফুল ইসলাম, আওয়ামী লীগ নেতা অজগর আলী মাষ্টার, আমিরুজ্জামান পলাশ, পৌর আওয়ামী লীগের সভাপতি খাইরুল ইসলাম, সাধারণ সম্পাদক ও পৌরসভার মেয়র ফারুক হোসেন, যুবলীগের আহবায়ক আশরাফুল হক জুয়েল, স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক ফিরোজ সালাউদ্দিন, শ্রমিক লীগের আহবায়ক আব্দুল হান্নান, ছাত্রলীগের আহবায়ক রিগ্যান আলী, পৌরসভার কাউন্সিলর আবু আসাদ রুনু, প্রমূখ বক্তব্য দেন। এ ছাড়াও এতে বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দ উপস্থিত ছিলেন।

বক্তারা শেখ হাসিনার নেতৃত্বে আওয়ামী লীগ সরকারের নানা উন্নয়ন কর্মকান্ডের কথা উল্লেখ করে আগামীতে বিএনপি জামায়াতের যেকোনো ষড়যন্ত্র মোকাবেলায় রাজপথে থাকার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

গাংনী উপজেলা আওয়ামীলীগের বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত

বাংলাদেশের প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনাকে হত্যার হুমকি ও কুটুক্তি করে মন্তব্য করার প্রতিবাদে গাংনীতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে গাংনী উপজেলা আওয়ামীলীগ।

আজ শনিবার (৪ জুন) বিকালে গাংনী উপজেলা আওয়ামীলীগ আয়োজিত বিক্ষোভ ও প্রতিবাদ সমাবেশে প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য ও উপজেলা আওয়ামীলীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মকলেছুর রহমান মুকুলের সভাপতিত্বে অনুষ্ঠিত বিক্ষোভ সমাবেশে বক্তব্য রাখেন উপজেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মাস্টার, উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, গাংনী পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু, সাবেক ছাত্র নেতা সাইফুজ্জামান শিপু।

গাংনী পৌর যুবলীগের সাধারণ সম্পাদক রাহিবুল ইসলামের সঞ্চালনায় সমাবেশে উপস্থিত ছিলেন, বামুন্দি ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও ইউপি চেয়ারম্যান ওবাইদুর রহমান কমল, সাহারবাটি ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক তৌহিদ মুর্শেদ অতুল সাবেক ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক প্রমুখ।

এর আগে উপজেলা আওয়ামীলীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান এমপির নেতৃত্বে একটি বিশাল বিক্ষোভ মিছিল গাংনী বাজার বাসস্ট্যান্ড শহীদ রেজাউল চত্বর থেকে বের হয়ে উপজেলার প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে শেষে সমাবেশে মিলিত হয়।

ঢেঁকি এখন শুধুই অতীত

“ঢেঁকি স্বর্গে গেলেও ধান ভানে” প্রবাদ প্রবচনটি এখন আর মনে পড়েনা হয়তো। গ্রামীণ লোকসাহিত্যের একটি বড় অংশজুড়ে জুড়ে ছিল ঢেঁকি।

কৃষি প্রধান এই বাংলাদেশের প্রধান ফসল ধান।ধান ঘরে তোলা যেখানে ছিল উৎসব। বিয়ের মতো উৎসবের দিন ধার্য করার ক্ষেত্রে ঘরে নতুন ধান কবে উঠবে সেই অপেক্ষা করা হতো। কৃষকের ঘরটা যখন নতুন ধানের মৌ মৌ গন্ধ মাতিয়ে তুলতো। তখন কৃষণীর ঢেঁকির ধপাস ধপাস শব্দ যেনো সুর ঝংকার তুলতো কবিদের মনে। হয়তো এজন্যই গীতি কবি লিখেছেন বিখ্যাত সেই গানের কলি

“ও ধান ভানিরে ঢেঁকিতে পাড় দিয়া

ঢেঁকি নাচে আমি নাচি হেলিয়া-দুলিয়া

ও ধান ভানিরে   . . ”